

## তোমার সঙ্গে দেখা না হোলে

মাহমুদা রুন্না

তোমার সঙ্গে দেখা না হোলে

জীবনটা হোত অন্যরকম ।

পদ্মানদীর পারে ঘর হোত,

জানালা হোত মছয়ার ছায়ায়,

উঠোন পেরিয়ে কাজল দীঘিতে

শানবাধা ঘাট হোত ।

তোমার সঙ্গে দেখা না হোলে

মেয়েটা আকাশি-সাদা ইউনিফরমে

ভিখারুল্লোসায় যেতো ।

ছায়ানটের গালিচায় বসে গাইতো

‘এমন দেশটি কোথাও খুঁজে পাবেনাকো তুমি -----’।

ছেলেটা বুয়েটের কদমতলায় বসে

জীবনের সবচেয়ে মূল্যবান কথাটা বলতো

সবচেয়ে কাছের মানুষকে ।

ল্যাবের গবেষণায় নিমজ্জিত

আর সফলতার আনন্দে উদ্ভাসিত হোত ।

আজি না হোয়ে বাংলালী হোত ।

পদ্মার ঢেউ আর কাদামাটিতে হত

একজন গর্বিত বাংলালী ।

এখন সে আমার হার মানা হার ।

তোমার সঙ্গে দেখা না হোলে

পহেলা বৈশাখে খোপায় ফুল গুজে

রমনার মিছিলে গাইতাম ।

ফাল্গুনে শহীদ মিনারে কাঁদতাম ।

শীতের বিজয় দিবস হত শুধু-

মুক্তিযোদ্ধার আত্মার শান্তির প্রার্থনা ।

জীবনটা অন্যরকম হোত ।

কবি না হয়ে কবিতার মানবী হতাম ।

ভাললাগার ফল্লুধারায় অবগাহিত

এক জননী হোতাম ।

সবটাই হোত অন্যরকম ।

তুমি চিরচেনা সম্ভ্রাস, দুর্নিতি, অনিশ্চয়তা,

রাজার নীতির ভয়াবহ খেলাপ,

তুমি বাক-স্বাধীনতার নৃশংস হত্যাকারী,

তুমি মীরজাফরের উত্তরসুরী, বিশ্বাসঘাতক,

তুমি স্বাধীনতার বিকৃত ইতিহাস,

তুমি কষ্টের প্রকোষ্ঠে বাঁধা

নিপিড়িত, নিয়তিত, ধর্ষিত বাংলাদেশ ।